গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
নির্মাণ ও রক্ষণাবেক্ষণ ইউনিট (সিএমইউ)
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
www.dgfood.gov.bd

স্মারক নং:- ১৩.০১.০০০০.১৪০.৪৮.২৪৩.২৩.৬৯২ তারিখঃ ০২/০৯/২০২৪ খ্রি.।

**দরপত্রদাতা প্রতিষ্ঠানের তালিকা সংরক্ষণের জন্য নবায়ন ফি জমাদানের মেয়াদ বৃদ্ধির বিজ্ঞপ্তি**

নির্মাণ ও রক্ষনাবেক্ষণ ইউনিট (সিএমইউ), খাদ্য অধিদপ্তরের সীমিত দরপত্র (LMT) পদ্ধতির আওতায় অত্র দপ্তরে তালিকাভূক্ত কিছু সংখ্যক ঠিকাদারী প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে ২০২৪-২০২৫ অর্থ বছরের লাইসেন্স নবায়ন ফি জমা গ্রহণের মেয়াদ আগামী ১২/০৯/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো।

সে মোতাবেক PPR-2008 এর বিধি-৫২ উপবিধি ৩(ঙ) তফসিল-২ এর আলোকে ২০২৪-২০২৫ অর্থ বছরের নবায়ন ফি বাবদ ২,০০০/- (দুই হাজার) টাকা এবং ১৫% হারে মূল্য সংযোজন কর বাবদ ৩০০/- (তিনশত মাত্র) টাকা ছাড়াও জরিমানা বাবদ অতিরিক্ত ১০০০/- (এক হাজার মাত্র) টাকাসহ সর্বমোট ৩,৩০০/- (তিন হাজার তিনশত মাত্র) টাকা আগামী ১২/০৯/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নবর্ণিত শর্তে অফিস চলাকালীন সময় পর্যন্ত হিসাব ও অর্থ বিভাগে (কক্ষ নং- ৪১৯) জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

এছাড়াও ২০২৩-২০২৪ অর্থবছরে নবায়ন ফি জমা প্রদানে ব্যর্থ ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহ বিগত ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য বকেয়া নবায়ন ফি বাবদ ২,০০০/- (দুই হাজার) টাকা ও ১৫% হারে মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ৩০০/- (তিনশত মাত্র) টাকা ছাড়াও জরিমানা বাবদ অতিরিক্ত ১০০০/- (এক হাজার মাত্র) টাকাসহ মোট ৩,৩০০/- (তিন হাজার তিনশত মাত্র) টাকা এবং ২০২৪-২০২৫ অর্থ বছরের জন্য নবায়ন ফি বাবদ উপরিউল্লিখিত ৩,৩০০/- (তিন হাজার তিনশত মাত্র) টাকা হিসেবে সর্বমোট ৬,৬০০/- (ছয় হাজার ছয়শত মাত্র) টাকা আগামী ১২/০৯/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত নিম্নবর্ণিত শর্তে অফিস চলাকালীন সময় পর্যন্ত জমা গ্রহণ করা হবে।

বিঃদ্রঃ

১) ২০২৪-২৫ অর্থ বছরের হালনাগাদ ট্রেড লাইসেন্স, IT এবং Vat-সহ প্রয়োজনীয় কাগজপত্রের সত্যায়িত কপি তালিকা সংরক্ষণের আবেদনের সাথে জমা দিতে হবে।

২) হালনাগাদ সংরক্ষিত দরপত্রদাতাগণ খাদ্য অধিদপ্তরাধীন আঞ্চলিক কার্যালয় হতে সীমিত দরপত্র পদ্ধতি (LTM)'র আওতায় দরপত্রেও অংশগ্রহণ করতে পারবে।

৩) তালিকাভুক্তি নবায়নের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত হিসেবে বিবেচিত হবে।

এতে মহাপরিচালক (ডিডিও) মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

স্বাঃ
মো: আবু বকর সিদ্দিকী
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চ.দা.)
ফোন: ০২- ৪১০৫০৭২৫
ই-মেইল se.mu@dgfood.gov.bd

স্মারক নং:- ১৩.০১.০০০০.১৪০.৪৮.২৪৩.২৩. তারিখঃ /০৯/২০২৪ খ্রি.।

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

১। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
২। পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল), ............................................................।
৪। প্রোগ্রামার, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা; **[বিজ্ঞপ্তিটি খাদ্য মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।]**
৫। সিস্টেম এ্যানালিষ্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা; **[বিজ্ঞপ্তিটি খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।]**
৬। মহাপরিচালক (ডিডিও) মহোদয়ের একান্ত সচিব, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
৭। নোটিশ বোর্ড, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
৮। অফিস কপি।

০২.০৯.২০২৪
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চ.দা.)
ফোন: ০২- ৪১০৫০৭২৫